

বাংলাদেশ

## সাবেক সমন্বয়কদের নতুন ছাত্রসংগঠনের আত্মপ্রকাশ বিকেলে

নিজস্ব প্রতিবেদক ও প্রতিবেদক ঢাকা ও ঢাকা বিশ্ববিদ্যালয়

আপডেট: ২৬ ফেব্রুয়ারি ২০২৫, ০৭: ৪১



আবু বাকের, জাহিদ আহসান, আবদুল কাদের ও তাহমিদ আল মুদ্দাসসির ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়কদের উদ্যোগে নতুন ছাত্রসংগঠনের আত্মপ্রকাশ ঘটতে যাচ্ছে আজ বুধবার। বেলা তিনটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনে সংবাদ সম্মেলন করে সংগঠনটির আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে।

গতকাল মঙ্গলবার রাতে এক সংবাদ বিজ্ঞপ্তিতে নতুন এই ছাত্রসংগঠনের সঙ্গে যুক্ত আল মশনুন নামের এক শিক্ষার্থী এ তথ্য জানান। নতুন এই ছাত্রসংগঠনের সম্ভাব্য নাম হিসেবে আলোচনায় রয়েছে 'গণতান্ত্রিক ছাত্র সংসদ'।

এই ছাত্রসংগঠনের নেতৃত্বে থাকছেন কার্যক্রম স্তগিত হওয়া 'গণতান্ত্রিক ছাত্রশক্তি'র সাবেক নেতারা। তাঁদের পাশাপাশি এই সংগঠনের সঙ্গে আরও যুক্ত হচ্ছেন ছাত্র-জনতার আন্দোলনের সময় ছাত্রলীগ থেকে পদত্যাগী এবং আওয়ামী লীগের শাসনামলে ছাত্রলীগের বিভিন্ন কর্মসূচিতে বাধ্য হয়ে অংশ নেওয়া শিক্ষার্থীরা। এ ছাড়া কোনো না কোনোভাবে ইসলামী ছাত্রশিবিরের সঙ্গে যুক্ততা ছিল, এমন শিক্ষার্থীদেরও কেউ কেউ নতুন সংগঠনে থাকছেন।

ঘোষণা দেওয়ার আগে গতকাল রাতে নতুন ছাত্রসংগঠনের প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছাত্রনেতারা নিজেদের মধ্যে একটি বৈঠক করেন। সেখানে কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃত্ব ঠিক করা হয়েছে বলে একাধিক সূত্র প্রথম আলোকে জানিয়েছে।

নতুন ছাত্রসংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক হচ্ছেন আবু বাকের মজুমদার। ছাত্র-জনতার অভ্যুত্থানের সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সম্মুখসারির অন্যতম সমন্বয়ক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের এই শিক্ষার্থী। তিনি গণতান্ত্রিক ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সদস্যসচিব ছিলেন।

কেন্দ্রীয় কমিটির সদস্যসচিব হচ্ছেন সাবেক সমন্বয়ক ও বর্তমানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় দপ্তর সেলের সম্পাদক জাহিদ আহসান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। জাহিদ একসময় ছাত্র অধিকার পরিষদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার দপ্তর সম্পাদক ছিলেন।

এ ছাড়া নতুন ছাত্রসংগঠনের কেন্দ্রীয় কমিটির মুখ্য সংগঠক হচ্ছেন তাহমিদ আল মুদাসসির চৌধুরী আর মুখপাত্র হচ্ছেন আশরেফা খাতুন। তাঁরা দুজনই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

নতুন ছাত্রসংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃত্বও চূড়ান্ত হয়েছে অভ্যন্তরীণ বৈঠকে। সূত্র বলছে, সংগঠনটির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক হচ্ছেন সাবেক সমন্বয়ক আবদুল কাদের। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ৯ দফা কর্মসূচি ঘোষণা করে আলোচনায় এসেছিলেন তিনি। কাদেরের সঙ্গে সদস্যসচিব হিসেবে থাকছেন মহির আলম। কাদের ও মহির দুজনই ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। কাদের আগে ছাত্রশক্তির সঙ্গে যুক্ত ছিলেন আর মহির ছাত্রলীগের সঙ্গে যুক্ত থাকলেও কোনো পদে ছিলেন না।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার মুখ্য সংগঠক হচ্ছেন হাসিব আল ইসলাম আর মুখপাত্র হচ্ছেন রাফিয়া রেহনুমা হাদি। দুজনই বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক এই দুই সমন্বয়ক গণতান্ত্রিক ছাত্রশক্তিরও নেতা ছিলেন।

নতুন এই ছাত্রসংগঠনের একাধিক নেতা প্রথম আলোকে বলেন, বুধবার সংবাদ সম্মেলনে শুধু কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি ঘোষণা করা হবে। কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সদস্যসংখ্যা হবে ১৫০ জন করে। অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে কমিটি ধাপে ধাপে করা হবে।

সাবেক সমন্বয়কেরা জানিয়েছেন, নতুন ছাত্রসংগঠনটির নীতি হবে ‘স্টুডেন্টস ফাস্ট’ ও ‘বাংলাদেশ ফাস্ট’। ছাত্র-নাগরিকের স্বার্থ বাস্তবায়নের লক্ষ্যে কাজ করবে তারা। নতুন ছাত্রসংগঠন কারও লেজুড়বৃত্তি করবে না। কোনো ‘মাদার পার্টির’ এজেন্ডা বাস্তবায়ন করবে না। নতুন সংগঠনে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নেতৃত্ব নির্বাচন করা হবে।

